# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www. sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/পনি/মাধ্য/২০২৩/১৭৫

তারিখ ঃ ২৮ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

## ২০২৩ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়সমূহের প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২৩ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার online এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি সিলেট শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো ঃ

১। **Online** এ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা (**probable list**) প্রদর্শন ঃ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা সিলেট শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (**hhps://sylhetboard.gov.bd**) এ ১৫/১২/২০২২ তারিখে দেওয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা থেকে ১৮/১২/২০২২ তারিখ হতে ০৪/০১/২০২৩ তারিখের মধ্যে **Online** এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (**eFF**) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **Student Management-eFF confirmation** এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করতে হবে। **Probable list Print** করে হার্ড কপিতে লাল কালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ড কপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটার এ প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে।

(গ) **Draft List Print** করে ভালোভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/Unselect** করা যাবে।

(ঘ) এরপর **Pay Slip Print** করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী (ক্রমিক-৩) সোনালী ব্যাংকের যেকোন শাখায় সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে হবে। উল্লেখ্য **Pay Slip Print** করলে আর কোন অবস্থাতেই **Select/Unselect** করা যাবেনা।

(ঙ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর **version** ও অন্যান্য তথ্য যাচাই করে স্বাক্ষর গ্রহণ করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(চ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে ফরম পূরণের কাজ একইভাবে সমন্ন করতে পারবে।

(ছ) বিলম্ব ফি সহ ০৭/০১/২০২৩ তারিখ হতে ০৯/০১/২০২৩ তারিখ পর্যন্ত **Online**- এ ফরম পূরণ (**eFF**) করা যাবে।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১(এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখ ঃ বিলম্ব ফি ছাড়া ০৫/০১/২০২৩ তারিখ এবং বিলম্ব ফি সহ ১০/০১/২০২৩ তারিখ পর্যন্ত।

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে ২০২২ সালে অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহনের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ | ১৫/১২/২০২২ |
| (খ) | নির্বাচনী পরীক্ষা গ্রহনসহ ফলাফল প্রকাশের শেষ তারিখ | ৩০/১১/২০২২ |
| (গ) | অনলাইনে ফরমপূরণ বিলম্ব ফি ছাড়া | ১৮/১২/২০২২ হতে ০৪/০১/২০২৩ |
| (ঘ) | বিলম্ব ফি ছাড়া পরীক্ষার্থীদের অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ | ০৫/০১/২০২৩ |
| (ঙ) | **Finalization Date** | ০৬/০১/২০২৩ |
| (চ) | বিলম্ব ফি সহ অনলাইনে ফরমপূরণ | ০৭/০১/২০২৩ হতে ০৯/০১/২০২৩ |
| (ছ) | পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ | ১০/০১/২০২৩ |
| (জ) | **Finalization Date** (বিলম্ব ফি এর ক্ষেত্রে) | ১১/০১/২০২৩ |

পরীক্ষার মাধ্যম ঃ

৪। বাংলা/ ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী ০১ (এক) কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক ) এর নিকট হাতে হাতে ২০/১২/২০২২ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

ছক ঃ

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

পৃষ্ঠা-১

৫। (ক). ফি এর হার ঃ (বোর্ডের প্রাপ্য)

| পরীক্ষার্থীর ধরন | পরীক্ষার ফি (পত্র প্রতি) | ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি) | মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি) | অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি) | অনুমতি ও তালিকা ভূক্তি ফি (পরীক্ষার্থী প্রতি) | বয় স্কাউট/গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (পরীক্ষার্থী প্রতি) | বার্ষিক ক্রীড়া এফিলিয়ে-শন ফি (শিক্ষা প্রতিষ্ঠান প্রতি) | রেড ক্রিসেন্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | বি.এন. সি.সি. ফি (প্রতি পরীক্ষার্থী) | অনলাইন ফি (প্রতি পরীক্ষার্থী) | উন্নয়ন ফি (প্রতি পরীক্ষার্থী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থী | ১১০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | ---- | ---- | ১৫/= | ৫/= | ৩০০/= | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১১০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | ১০০/= | ---- | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১১০/= | ৩০/= | ৪০/= | -------- | ১০০/= | ---- | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১১০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | ---- | ১০০/= | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |

(খ) কেন্দ্র ফি ঃ (সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব বরাবর জমা দিতে হবে।

(১) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ৪০০.০০ (চারশত) টাকা।

(২) এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে ঃ পরীক্ষার্থী প্রতি ৪৫০/= (চারশত পঞ্চাশ) টাকা। উল্লেখ্য, প্রত্যেক পরীক্ষার্থী থেকে আদায়কৃত ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) ৩০ (ত্রিশ) টাকা থেকে ২০ (বিশ) টাকা বোর্ডে প্রেরণ করতে হবে এবং অবশিষ্ট ১০ (দশ) টাকা কেন্দ্র সচিবের নিকট প্রেরণ করতে হবে।

(৩) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিঃ পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০/= (দশ) টাকা। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদাকৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/= (পাঁচ) টাকা এবং বহিঃ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/=(পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। এ ক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫ (পঁচিশ) টাকা হবে, যার বিভাজন কেন্দ্র ০৭ (সাত) টাকা ও প্রতিষ্ঠান ১৮ (আঠার) টাকা হবে।

(৪) কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের সম্মানী ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে।

(গ) বিলম্ব ফি ঃ পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা

(ঘ) পরীক্ষার্থীদের বেতন ও সেশনচার্জ ৩১ ডিসেম্বর-২০২২ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোন পরীক্ষার্থীর নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেশি বেতন ও সেশনচার্জ নেয়া যাবে না।

৬. নিয়মিত পরীক্ষার্থীঃ

২০২১-২০২২ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা ২০২৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

৭। অনিয়মিত পরীক্ষার্থী :

(ক) ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ সনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০২১ এবং ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) ২০২২ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিঃ এর মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তারা ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে এক থেকে তিন বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০২২ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

(ঘ) রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ :

২০১৮-২০১৯ সালের রেজিঃধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবলমাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে।

খ থেকে ঘ এ উল্লিখিত পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০২৩ সালের পরীক্ষায় তাদের অংশ গ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপি এর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

(ঙ) রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া :

'ঘ' এ উল্লিখিত রেজিস্ট্রেশন এর মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে মূল রেজিস্ট্রেশন কার্ড বিদ্যালয় পরিদর্শকের দপ্তরে জমা দিয়ে নবায়নকৃত রেজিঃ কার্ড সংগ্রহ করতে হবে।

ছক ঃ

| পূর্ববর্তী পরীক্ষার সাল ও রোল নম্বর | পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম | রেজি. নম্বর ও শিক্ষাবর্ষ | যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজিঃ কৃত তার নাম | অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর |
|---|---|---|---|---|
| | | | | |

৮। জিপিএ উন্নয়ন :

কেবল ২০২২ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে ২০২৩ সালের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে এবং তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০২৩ সালের পরীক্ষায় প্রাপ্ত ফলাফলে জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রবেশপত্র এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি প্রিন্ট কপির সাথে জমা দিতে হবে।

৯। বহিস্কৃত পরীক্ষার্থী :

বহিস্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০। চতুর্থ বিষয়ের সুবিধা :

২০১৯-২০২০ ও ২০২০-২০২১ সালের রেজিঃধারী পরীক্ষার্থীরা ২০২১ ও ২০২২ সালের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবে। ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ সালের রেজিঃ ধারী পরীক্ষার্থীরা যারা ২০২১ ও ২০২২ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং এক থেকে চার বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

১১। পাঠ্যসূচি:

(ক) ২০২৩ সালের এসএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষার্থীরা (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।

১২। নির্বাচনি পরীক্ষা :

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক । তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য। কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২৩ সালের এসএসসি পরীক্ষার্থীদের শ্রেণিশিক্ষা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হয়। বিষয়টি বিবেচনায় নিয়ে নির্বাচনী পরীক্ষায় এক বা ততোধিক বিষয়ে অনুত্তীর্ণ শিক্ষার্থীদের পুনরায় নির্বাচনী পরীক্ষার সুযোগ দেয়া যেতে পারে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৩/১২/২০২২

(প্রফেসর অরুণ চন্দ্র পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন : ০১৭১১৪৮৪৯৭০

১৩/১২/২২

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
৩।জেলা প্রশাসক, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।

কার্যার্থে ঃ

১। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩। প্রতিষ্ঠান প্রধান, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।
৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট(বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
৫। জেলা শিক্ষা অফিসার, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৬। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৯। সংরক্ষণ নথি।

১৩/১২/২০২২

(শরীফ আহাম্মেদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।